

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬০৩

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ আল্লাহ্র প্রতি সু-ধারণা পোষণ

باب فِي حُسْنِ الظَّنِّ بِاللَّهِ عَزَّ وَجَلَّ

আরবী

حَدَّقَنَا أَبُو كُرِيْبٍ، حَدَّقَنَا ابْنُ نُمَيْرٍ، وَأَبُو مُعَاوِيَةَ عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي وَأَنَا مَعَهُ حِينَ يَذْكُرُنِي فَإِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَإِنْ ذَكَرَنِي فِي مَلاٍ ذَكَرْتُهُ فِي مَلاٍ خَيْرٍ مِنْهُمْ وَإِنِ اقْتَرَبَ إِلَىَّ شِبْرًا اقْتَرَبْتُ مِنْهُ ذِرَاعًا وَإِنِ اقْتَرَبَ إِلَىَّ مَنْ الْأَعْمَشِ وَيَا الْمَعْفُورَةِ وَالرَّحْمَةِ وَهَكَذَا فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذَا الْحَديث مَنْ تَقَرَّبَ مِنِي شِبْرًا عَرَبُ إِلَى الْمَغْفِرَةِ وَالرَّحْمَةِ وَهَكَذَا فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذَا الْحَديث وَي وَمَا أَمْرْتُ أُسْرِعُ إِلَيْهِ بِمَغْفِرَتِي وَمَا أَمَرْتُ أُسْرِعُ إِلَيْهِ بِمَغْفِرَتِي وَمَا أَمَوْنَ أَيْفُولُ إِلَى الْعَبْدُ بِطَاعَتِي وَمَا أَمَرْتُ أُسْرِعُ إِلَيْهِ بِمَغْفِرَتِي وَرَحْمَتِي .

وَرُوِيَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، أَنَّهُ قَالَ فِي هَذِهِ الآيَةِ : (فاذكُرُونِي أَذْكُرْكُمْ) قَالَ اذْكُرُونِي بَطَاعَتِي أَذْكُرْكُمْ بِمَغْفِرَتِي . حَدَّتَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ قَالَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى وَعَمْرُو بِطَاعَتِي أَذْكُرْكُمْ بِمَغْفِرَتِي . حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ قَالَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى وَعَمْرُو بُنُ هَاشِمٍ الرَّمْلِيُّ عَنِ ابْنِ لَهِيعَةَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ بِهَذَا .

বাংলা

৩৬০৩. আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা ইরশাদ করেন, আমার সম্পর্কে বান্দা যেমন ধারণা করেবে, সে অনুসারে আমি তার সাথে আছি। আমি তার সঙ্গে থাকি যখন সে আমাকে স্মরণ করে। সে যদি আমাকে তার মনে মনে স্মরণ করে, তবে আমিও তাকে মনে মনে স্মরণ করি। আর যদি সে কোন সমাবেশে আমার স্মরন করে, তবে এর চেয়েও উত্তম এক সমাবেশে আমি তার স্মরণ করি, যদি সে আমার দিকে আধ হাত নিকটবর্তী হয়, তবে আমি তার প্রতি সম্প্রসারিত দুই বাহু পরিমাণ নিকটবর্তী হই। যদি সে আমার দিকে হেঁটে আসে আমি তার



দিকে দৌড়ে যাই।

সহীহ, ইবনু মাজাহ ৩৮২২, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৬০৩ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান-সাহীহ। এই হাদীসটির ভাষ্যে আ'মাশ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, আমি তার এক হাত নিকটবর্তী হই—মর্ম হল রহমত ও মাগফিরাত নিকটবর্তী করি। কোন কোন বিশেষজ্ঞ আলিম হাদীসটির অনুরূপ ব্যাখ্যাই করেছেন। তাঁরা বলেনঃ এর মর্ম হল বান্দা যখন আমার প্রতি অনুগত্য প্রকাশ করে এবং আমার নির্দেশ পালন করে, নিকটবর্তী হয় তখন তার প্রতি আমার মাগফিরাত ও রহমত অতিদ্রুত অগ্রসর হয়।

আয়াতের ব্যাখ্যায় সাঈদ ইবন জুবায়র (রহঃ) বলেন, (আল্লাহ বলেনঃ) আমাকে স্মরণ কর অনুগত্যের দ্বারা তাহলে আমি স্মরণ করবো ক্ষমার দ্বারা। আবদ ইবন হুমায়দ (রহঃ) ... সাঈদ ইবন জুবায়র রাদিয়াল্লাহু আনহু সূত্রেও হাদীসটি বর্ণিত রয়েছে।

English

Abu Hurairah [may Allah be pleased with him] narrated that the Messenger of Allah (ﷺ) said:

"Allah, the Most High said: 'I am as My slave thinks of Me, and I am with him when he remembers Me. If he remembers Me to himself, I remember him to Myself, and if he remembers Me in a gathering, I remember him in a gathering better than that. And if he seeks to draw nearer to Me by a hand span, I draw nearer to him by a forearm's length, and if he comes to Me by a forearm's length, I draw nearer to him by an arm's length. And if he comes to Me walking, I come to him quickly."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন